



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৭.৪১.০০২.২০.৬৩০

তারিখ: ২৬ অগ্রহাষণ ১৪২৭
১১ ডিসেম্বর ২০২০

বিষয়: সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২১ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি।

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। কোভিড-১৯ ভাইরাস জনিত কারণে এ বছর বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অন-লাইনে <https://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে। অন-লাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া আগামী ১৫/১২/২০২০ খ্রি: তারিখ সকাল ১০:০০ টা হতে শুরু হয়ে ২৭/১২/২০২০ খ্রি: তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। ২০২১ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১১০/- (একশত দশ) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক পি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

উল্লেখ্য ঢাকা মহানগরীর ৪৪ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় (৩টি ফিডার শাখাসহ) ৩টি ভিন্ন গ্রুপে বিভক্ত থাকবে। আবেদনের সময় একজন প্রার্থী একই গ্রুপে পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে। এছাড়াও সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানা ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবেন। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে পছন্দ ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে।

সারাদেশে সরকারি বিদ্যালয়সমূহে লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামী ৩০/১২/২০২০ খ্রি: তারিখে অনলাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর secondary circular/order ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১১-১২-২০২০

মোহাম্মদ বেলাল হোসাইন
পরিচালক

সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ
শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা